



রেজিস্ট্রার দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

স্মারক নং- ০১(৯০১)জাতীঃবিঃপ্রশাঃ/২০১১/১/৩৪৩৬

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
০৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ


শিক্ষকদের পদ উন্নীতকরণ (Upgradation) বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্মরত নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষকদের পদ উন্নীতকরণ (Upgradation) /স্ব-পদ নিয়ে পদোন্নয়ন)-এর মাধ্যমে নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাইতেছে:

ক্রমিক নং	পদ ও বিষয়ের নাম	বেতন স্কেল (গ্রেড)	যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহযোগী অধ্যাপক (আরবী)	৫০০০০-৭১২০০ (গ্রেড-৪)	সংশ্লিষ্ট সহকারী অধ্যাপকের স্বপদে জাতীয় বিশ্ববিদ্যালয়ে চাকুরী স্থায়ী হইতে হইবে। এছাড়াও (১) জাতীয় বিশ্ববিদ্যালয়ে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্নাতক পর্যায়ে প্রতিষ্ঠানে বা অন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে ন্যূনতম ১২ (বার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা, যাহার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা, (২) এম.ফিল অথবা সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্নাতক পর্যায়ে প্রতিষ্ঠানে বা অন্য বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ১০ (দশ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা, যাহার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৪ (চার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা, (৩) পিএইচ.ডি অথবা সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্নাতক পর্যায়ে প্রতিষ্ঠানে বা অন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে ন্যূনতম ০৮ (আট) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা, যাহার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৪ (চার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। সকল ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে কর্মরত থাকা অবস্থায় স্বীকৃত জার্নালে ০৩ (তিন)টি গবেষণা প্রকাশনা বা পুস্তকাকারে স্বীকৃতমানের প্রকাশনা থাকিতে হইবে।

উল্লিখিত শর্ত অনুযায়ী যে সকল শিক্ষক পরবর্তী উচ্চতর পদে উন্নীতকরণ (Upgradation)/স্ব-পদ নিয়ে পদোন্নয়ন)-এর যোগ্যতা অর্জন করিয়াছেন তাহাদেরকে jobs.nu.ac.bd এ Online Application Form পূরণপূর্বক ০৭/০৩/২০২৩ তারিখ হইতে ২৭/০৩/২০২৩ তারিখের মধ্যে আবেদন করিতে হইবে। আগামী ২৭/০৩/২০২৩ তারিখের মধ্যে Online Application Form-এর প্রিন্ট কপিসহ সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল পরীক্ষা পাশের সনদপত্র, নম্বরপত্র এবং প্রশংসাপত্রের সত্যায়িত কপি, প্রকাশনার কপিসহ আবেদনপত্রে উল্লিখিত সকল অভিজ্ঞতার সনদ, বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত সনদপত্রের সমতা নিরূপণ সনদ-এর সত্যায়িত কপি ০৯ (নয়) সেট আবেদন দপ্তর প্রধানের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে



০৬.০৩.২৩
(মোস্তা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার

স্মারক নং- ০১(৯০১)জাতীঃবিঃপ্রশাঃ/২০১১/১/

তারিখ: ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল:

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. সকল দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, মানবসম্পদ উন্নয়ন ও শুদ্ধাচার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. নোটিশ বোর্ড
৯. অফিস কপি।


০৬.০৩.২৩
(নিত্যানন্দ গাইন)
উপ-রেজিস্ট্রার
প্রশাসন (সংস্থাপন-কর্মকর্তা) শাখা